পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১১৯১/শা-২(ক)/প. তারিখঃ ১৯ আগস্ট ২০২১
০৪ ভাদ্র ১৪২৮

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০১৮ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০১৮ সনের ২য় বর্ষ ডিগ্রী পাস (২০১৬-১৭ শিক্ষাবর্ষ) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু পরীক্ষার্থীদেরকে আগামী ২৪-০৮-২০২১ তারিখ থেকে ০৫-০৯-২০২১ তারিখের মধ্যে অনলাইনে আবেদন ফরমপূরণ করতে হবে। কলেজ কর্তৃপক্ষ আগামী ০৭-০৯-২০১৯ তারিখের মধ্যে ভেরিফাই করতে হবে। অনলাইনে ফরমপূরণ, কলেজ কর্তৃক ভেরিফাই ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

**২। শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরমপূরণ, কলেজ কর্তৃক ভেরিফাই, কলেজ কর্তৃক ব্যাংক ড্রাফটের শেষ তারিখঃ**

ক। শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরমপূরণের আবেদন করার তারিখ ঃ **২৪/০৮/২০২১ হতে ০৫/০৯/২০২১ পর্যন্ত**
খ। শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ ঃ **০৬/০৯/২০২১**
গ। শিক্ষার্থীর ডাটা কলেজ কর্তৃক ভেরিফাই/নিশ্চয়ণ করার তারিখ ঃ **০৭/০৯/২০২১**
ঘ। ব্যাংক ড্রাফট, ফিস বিবরণী কলেজ কর্তৃক জমা দেয়ার শেষ তারিখ ঃ **০৯/০৯/২০২১**

৩।

| ক্র.নং | পরীক্ষার ফি- এর বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | ২য় বর্ষ (৭০০ নম্বর) নিয়মিত | ৮০০/- (৭০০/- ফিস + ইন-কোর্স ফিস ১০০/-) |
| ০২ | সার্টিফিকেট কোর্স | ৩০০/- (প্রতি পত্রে ১০০/- হারে + ইন-কোর্স ১০০/- ) |
| ০৩ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ৭৫০/- ( ১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) |
| ০৪ | মানোন্নয়ন/অনিয়মিত | ৩০০/- (বিশেষ অন্তর্ভুক্তি ফি)+ ১০০/- হারে (প্রতি পত্রে) |

বিঃ দ্রঃ পরীক্ষার ফলাফল যথাসময়ে প্রকাশের স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই। অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই ফরমপূরণের শেষ তারিখ পর্যন্ত সংশোধন করতে পারবে।

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

i) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাঞ্ছনীয়।

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

i) ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫, ২০১৬ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৪, ২০১৫, ২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৭, ২০১৬, ২০১৫ সনের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাঞ্ছনীয়।

**মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

i) ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫, ২০১৬ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৪, ২০১৫, ২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে (Not Promoted) হয়েছে বা কোন পত্রে/কোর্সে F গ্রেড পেয়েছে তারা উক্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৭ সনের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্রে/কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ ২টি পত্রে/কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য (২০০ নম্বর)**

i) ২০১৫, ২০১৬, ২০১৭ শিক্ষাবর্ষে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা যারা ২০১৫,২০১৬,২০১৭ সনের ১ম বর্ষের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। **ফি জমাদানের পদ্ধতি ঃ**

২০১৮ সালের ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর সাথে Money Statement অবশ্যই সংযুক্ত করে দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

৬। **ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ**

নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশগ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইন-কোর্স/টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সেশনে যারা, যে কোডে ফরমপূরণ করবে সে কোডের ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ করতে হবে এবং এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, জনাব মোঃ মনিরুল ইসলাম-এর নিকট প্রিন্টকপি ও সফটকপি examcontrollera7c@du.ac.bd প্রেরণ করতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ করতে হবে।

৭। **ফলাফল ঃ**

এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
E-mail: examcontrollera7c@du.ac.bd

19.08.2021 19.08.2021